## জড়বাদ ও অধ্যাত্মবাদ :-

'অধ্যাত্মবাদ' হল এমন একটি দার্শনিক মতবাদ যেখানে— ১। জড় অপেক্ষা চেতন্যের উপর অধিক গুরুত্ব আরোপ করা হয়, ২। সমগ্র বিশ্বজগৎকে এক অমোঘ নৈতিক নিয়মের অধীন রূপে গন্য করা হয় এবং দুঃখবাদ, নৈরাশ্যবাদের পরিবর্তে আত্মবাদ প্রতিষ্ঠিত হয়, ৩। জন্মান্তরবাদ এবং কর্মবাদে বিশ্বাস করা হয়, ৪। সর্বোপরি, ভোগ বাসনাকে হেয় প্রতিপন্ন করে আত্মিক বা আধ্যাত্মিক সুখকেই কাম্যবস্তু বলে স্বীকার করা হয় এবং মোক্ষ বা মুক্তি পরম পুরুষার্থ বলে গন্য করা হয়।

ভারতীয় দর্শনের পরিপ্রেক্ষিতে একমাত্র চার্বাক দর্শনই জড়বাদী দর্শন, তারা জড়কেই একমাত্র তত্ত্ব বলে স্বীকার করে এবং এই জড়ের সাহায্যে জগৎ, জীবন, আত্মা, ঈশ্বর, মোক্ষ বা মুক্তি, পুরুষার্থ সবকিছুকে ব্যাখ্যা করে। জড় ব্যতিরেক কোন তত্ত্ব তারা স্বীকার করে না, তাদের মতবাদ জড়বাদ নামে পরিচিত।

চার্বাক ব্যতীত সকল প্রকার ভারতীয় দর্শনেই এমনকি বৌদ্ধ ও জৈনদর্শনেও উপরিউক্ত আধ্যাত্মিকতাবাদের সকল বৈশিষ্ট্যগুলি উপস্থিত থাকায় ভারতীয় দর্শনকে 'অধ্যাত্মবাদী' দর্শন নামে অভিহিত করা হয়, অর্থাৎ ছয়টি বৈদিক দর্শন সম্প্রদায় যথা, সাংখ্য, যোগ, ন্যায়বৈশেষিক, মীমাংসা ও বেদান্ত দর্শন এবং নাস্তিক বা বেদবিরোধী কিংবা বলা যায় বেদের প্রামাণ্য অস্বীকার করলেও বৌদ্ধ ও জৈন দর্শনে কর্মনিয়ম, জন্মান্তর প্রভৃতি অধ্যাত্মবিষয়ের অস্তিত্ব স্বীকৃত হওয়ায় এই সবদর্শন সম্প্রদায়গুলি অধ্যাত্মবাদী নামে বিবেচিত হয় এবং চার্বাকদর্শনই একমাত্র জড়বাদী দর্শন নামে অভিহিত হয়।

— x —

Atasi Mahapatra | B.A. Hons | Philosophy | Sem-1 | CC-1